## ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৪২তম (ডিসেম্বর, ২০২২খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ শাহিদ মাহমুদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
তারিখ ঃ ১২ ডিসেম্বর, ২০২২খ্রি.।
সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থান ঃ কচুকাটা ইউনিয়ন পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।
অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ১৪-১১-২০২২খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে। তিনি চিকিৎসাসেবা প্রদানকারী প্রতিষ্ঠানে সেবা প্রত্যাশীদের অপেক্ষা কক্ষ নির্মাণের প্রস্তাব পেশ করেন। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলার ৮টি কমিউনিটি ক্লিনিকে নিরাপদ প্রসব কক্ষ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। | ১। প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদানে নিয়মিত ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিক পরিদর্শন/মনিটরিং করতে হবে।<br>২। যেসব প্রতিষ্ঠানে সেবা প্রত্যাশীদের অপেক্ষা কক্ষ নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে সেসব প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতপূর্বক দাখিল করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আমন মৌসুমে ধান কর্তন প্রায় শেষ পর্যায়ে এবং আশানুরুপ ফলন হয়েছে। রাসায়নিক সারের পর্যাপ্ত বরাদ্দ রয়েছে। অনেক কৃষক ডিলার পয়েন্ট হতে সার উত্তোলনপূর্বক খুচরা দোকানে বিক্রি করছেন মর্মে বিভিন্নভাবে তথ্য পাওয়া যাচ্ছে এবং রাসায়নিক সারের ঘাটতির গুজবে খুচরা ব্যবসায়ীগণ সরকারি নির্ধারিত মূল্যের অধিক মূল্যে সার বিক্রয় করছেন। সে কারণে প্রতিটি ডিলার পয়েন্ট ও বাজার নিয়মিত মনিটরিং করা হচ্ছে এবং অভিযোগ প্রমাণিত হলে তাৎক্ষণিক মোবাইল কোর্টের মাধ্যমে শাস্তির আওতায় আনা হচ্ছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, খোকশাবাড়ী ইউপি জানান যে, তার ইউনিয়নের সার ডিলার পয়েন্টটি ইউনিয়নের এক কর্ণারে হওয়ায় ১, ২, ৩, ৪, ৫, ও ৬নং ওয়ার্ডের কৃষকদের সার উত্তোলন এবং পরিবহণে অনেক সময় ও অর্থ ব্যয় হয়। বিধায় তিনি ডিলার পয়েন্টটি ইউনিয়নের মধ্যবর্তী স্থানে/ ইউনিয়ন পরিষদ সংলগ্ন স্থানে স্থানান্তর করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করেন। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। খোকশাবাড়ী ইউনিয়নের সারের ডিলার পয়েন্টটি ইউনিয়নের মধ্যবর্তী স্থানে/ ইউনিয়ন পরিষদ সংলগ্ন স্থানের স্থানান্তরের জন্য উপজেলা কৃষি অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন শীতে মাছের ঘা/ রোগবালাই নিরাময়ে মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং অফিসে আগত চাষীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। | আসন্ন শীতে মাছের ঘা/ রোগবালাই নিরাময়ে মৎস্য চাষীদের প্রশিক্ষণ/ পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, গবাদিপশু ও হাসমুরগির চিকিৎসা প্রদান এবং গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগির চিকিৎসা ও কৃত্রিম প্রজনন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CS CamScanner

| | | |
|---|---|---|
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ হতে খাবার বড়ি, আপন, কনডম, ইনজেকশন প্রদান কার্যক্রম অব্যাহত আছে। আই.ইউ.ডি, ইমপ্ল্যান্ট ও ই.সি.পি প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান যে, আগামী ১৭ হতে ২২ ডিসেম্বর পরিবার কল্যাণ ও প্রচার সপ্তাহ উদযাপন করা হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ১। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনসাধারণকে উৎসাহ প্রদান করতে হবে।<br>২। আগামী ১৭ হতে ২২ ডিসেম্বর পরিবার কল্যাণ ও প্রচার সপ্তাহ উদযাপনে সংশ্লিষ্ট সকলে সহযোগিতা করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার নীলফামারী সদর। |
| **০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র আওতায় প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে।<br>তিনি আরও জানান ইউনিয়নের অনেক রাস্তা এলজিইডি কর্তৃক পাকা করতে গেলে দেখা যায় উক্ত রাস্তা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃক এইচবিবি করা হয়েছে। তিনি ইউনিয়ন পর্যায়ের কাচা রাস্তা এইচবিবি করার পূর্বে উপজেলা প্রকৌশলীকে অবহিত করার জন্য অনুরোধ করেন। | ১। চলতি অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র আওতায় জরুরি ভিত্তিতে প্রকল্প চূড়ান্ত করতে হবে।<br>২। ইউনিয়ন পর্যায়ের কাচা রাস্তা এইচবিবি করার পূর্বে উপজেলা প্রকৌশলীকে অবহিত করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী নীফামারী সদর।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/চেয়ারম্যান, সকল ইউপি, নীলফামারী সদর। |
| **০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ সকল প্রকার ভাতা সুষ্ঠভাবে বিতরণ সম্পন্ন হয়েছে। অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ভাতাভোগী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, কোন ভাতা ভোগী মৃত্যুবরণ করলে অনলাইন মৃত্যুসনদপত্রসহ পুন: স্থাপনের প্রস্তাব প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে।<br>৩। কোন ভাতা ভোগী মৃত্যুবরণ করলে অনলাইন মৃত্যুসনদপত্রসহ পুন:স্থাপনের প্রস্তাব ইউপি চেয়ারম্যানগণ দাখিল করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর। |
| **০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নীলফামারী সদর জানান যে, আত্মকর্মসংস্থান প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায় কার্যক্রম সন্তোষজনক। দাপ্তরীক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যথা নিয়মে ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নীলফামারী সদর/ প্রোগ্রাম অফিসার মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী। |
| **১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়েছে যা স্থাপনের কাজ শীঘ্রই শুরু হবে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩য় ধাপে ৩০টি অগভীর নলকূপের স্থাপন কাজ চলমান রয়েছে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট ১৮টি এর স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। | ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে প্রাপ্ত সাইট লিষ্ট অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে স্থাপন কাজ সমাপ্ত করতে হবে।<br>২। চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |
| **১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ১ম হতে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের ৩য় প্রান্তিকের মূল্যায়ন কার্যক্রম ০৮/১২/২০২২খ্রি. থেকে ১৯-১২-২০২২ পর্যন্ত চলবে। ২০২৩ সালে বিনামূল্যে বিতরণের জন্য ৩য় শ্রেণির ১৮০০০ সেট, ৪র্থ শ্রেণির ১৭০০০ সেট বই পাওয়া গেছে যা উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সঙ্গে পরামর্শক্রমে জানকীনাথ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংরক্ষণ করা হয়েছে। অবশিষ্ট বই প্রাপ্তির পর যথাসময়ে বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হবে। করোনার কারণে ২০২২ ও ২০২১ সালে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। | ১। ২০২৩ সালে বিনামূল্যে বিতরণের জন্য ৩য় শ্রেণির ও ৪র্থ শ্রেণির বই প্রাপ্তি সাপেক্ষে যথাসময়ে বিতরণ করতে হবে।<br>২। প্রাথমিক শিক্ষায় বৃত্তি প্রদান কার্যক্রম চালু রাখার জন্য চলতি মাসেই প্রাথমিক বৃত্তি পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| প্রাথমিক শিক্ষায় বৃত্তি প্রদান কার্যক্রম চালু রাখার জন্য ২০২২ সালের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে মর্মে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-০২, ঢাকা-১২১৬ হতে নির্দেশনা পাওয়া গেছে। পিইডিপি-৪ এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে Need Based playing accessories স্থাপনের কার্যক্রম সম্পাদনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও জানান যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক ও বালিকা উভয় দল দুটি বিভাগীয় পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে। এছাড়াও সকল প্রাথমিক বিদ্যালয়ে খেলনা সামগ্রী স্থাপনের জন্য ১৫০০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার)টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়েছে। | ৩। পিইডিপি-৪ এর আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে Need Based playing accessories স্থাপনের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>৪। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক ও বালিকা উভয় দল দুটিকে জাতীয় পর্যায়ে অংশগ্রহণের জন্য প্রস্তুতি/প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সকল প্রাথমিক বিদ্যালয়ে খেলনা সামগ্রী স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| <u>১২. উপজেলা সমবায় বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা সমবায় অফিসার, নীলফামারী সদর জানান যে, সমবায় বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আগামী সভায় সমবায় বিভাগের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয় মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| <u>১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরে ১ম কিস্তির সাধারণ টিআর ও কাবিটা প্রকল্পের বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। মুজিব বর্ষের ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের কাজ চলমান রয়েছে। | ১। নির্ধারিত সময়ের মধ্যে টিআর ও কাবিটা প্রকল্পের সমাপ্ত করতে হবে।<br>২। গুণগতমান বজায় রেখে মুজিব বর্ষের ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের ঘর নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি, নীলফামারী সদরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | দাপ্তরীক কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>১৬. বন বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বিনা ব্যর্থতায় কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| <u>১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ</u> উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে খাদ্য গুদামে চাল-৫৭১৫.৪৯১ মেঃ টন, ধান-০.০০০মেঃ টন, গম-১৬৮.৫৪৩মেঃ টন ও খালি বস্তা প্রায়-৫০৭৬৯৪খানা মজুদ রয়েছে। অভ্যন্তরীণ আমন চাল/ধান সংগ্রহ-২০২২-২৩ চলমান। জিআর, ইপি, ওপি, ভিজিডি ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। বর্তমান বাজারে ধান ২৭.৫০/- থেকে ২৮/-, চাল-৪২/- থেকে ৪৩/-, গম- ৪৬/- থেকে ৪৭/-, আটা- ৫০/- থেকে ৫৫/-, লবণ-৩৫/- থেকে ৪০/-, চিনি- ১১০/- থেকে ১২০/-, মসুর ডাল-১১০/- থেকে ১৪০/- এবং সয়াবিন তেল ১৯৫/- থেকে ২০০/- প্রতি কেজি দরে বিক্রি হচ্ছে।<br>বর্তমানের জেলা সদরে ওএমএস কার্যক্রম চলমান আছে। নীলফামারী পৌরসভার ৯টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার ও শনিবারসহ সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫দিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০মেঃ টন হারে মোট ৫.০০০মেঃ টন চাল ও ১.০০০মেঃ টন হারে মোট ৫.০০০মেঃ টন আটা, প্রতি কেজি চাল ৩০/-টাকা হারে এবং প্রতি কেজি আটা ২৪/-টাকা হারে বিক্রয় করা হচ্ছে। খাদ্য মন্ত্রণালয়ে নির্দেশনা মোতাবেক ভিজিডি খাতে পুষ্টিচাল সরবরাহ করা হচ্ছে। ডিসেম্বর/২০২২ মাসে বরাদ্দপত্র প্রাপ্তি সাপেক্ষে পুষ্টি চাল সরবরাহ করা হবে। | ১। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিসেম্বর/২২ মাসের পুষ্টি চাল সরবরাহ করতে হবে।<br>২। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আমন সংগ্রহের কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| উপজেলায় আমন সংগ্রহ/২০২২-২৩ কার্যক্রম শুরু হয়েছে। গত ১৭ নভেম্বর/২০২২ হতে আমন সংগ্রহ কার্যক্রম চলমান। আমন চাল ও ধান সংগ্রহের সময়সীমা আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত। মিলারদের সহিত সরকারের চুক্তির সময়সীমা আগামী ১৫ ডিসেম্বর ২০২২ পর্যন্ত। প্রতি কেজি চালের ক্রয় মূল্য ৪২/-টাকা। উপজেলায় আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে কৃষকের অ্যাপের মাধ্যমে ধান উৎপাদনকারী কৃষকের নিকট হতে ধান ক্রয় করা হবে। কৃষকের অ্যাপে কৃষক নিবন্ধন/ধান বিক্রয়ৈল আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর ২০২২ পর্যন্ত। আমন মৌসুমে উপজেলায় ১০টি অটো ও ৮২টি হাস্কিং চাল কলের মধ্যে ০৮/১২/২০২২খ্রি. তারিখ পর্যন্ত ১০টি অটোমেটিক এবং ৫১টি হাস্কিং চালকল মালিক সরকারের সহিত চুক্তি সম্পাদন করেছে। চুক্তিকৃত পরিমাণ ৪২০২.৭৩০ মেঃ টন এবং অদ্যাবধি সংগ্রহের পরিমাণ ১৭২২.৩৩০ মেঃ টন।<br>খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় এ উপজেলায় ১৫টি ইউনিয়নের ৩০৭১৩ জন খাদ্যবান্ধব ভোক্তাকে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে অনলাইন ডিজিটাল ডাটাবেজ যাচাই করা হয়েছে এবং নভেম্বর/২০২২ মাসে যাচাইকৃত সকল ভোক্তার মাঝে সরকার নির্ধারিত মূল্যে ১৫/-টাকা কেজি দরে পুষ্টি চাল সরবরাহ করা হয়েছে। অন্যান্য সকল খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ সঠিকভাবে চলছে। | | |
| <u>১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ</u> উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, নভেম্বর, ২০২২খ্রি. মাসে উপজেলা পরিসংখ্যান অফিস কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১৮.১। আমন ফসলের নমুনা কর্তন তালিকা প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। এসভিআরএস প্রকল্পের আওতায় জনতাত্তিক বিভিন্ন সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টার ও সুপারইভারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৮.৩। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। আউশ ও পাট ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| <u>১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ</u> উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় আইন শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে কোন সমস্যা নাই। | আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| <u>২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ</u> সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, নীলফামারী সভায় জানান যে, আমন মৌসুম শেষ হয়েছে। সামনের বোরো মৌসুমে সেচ প্রদানের লক্ষ্যে ৬৩টি গভীল নলকূপ প্রস্তুত রয়েছে এবং তার মধ্যে ৪১টি গভীর নলকূপ ব্যবহার হচ্ছে। এ পর্যন্ত প্রায় ২২৩ হেক্টর জমিতে রবি শস্যের সেচ প্রদান অব্যাহত রয়েছে এবং ০৩টি ডাগওয়েলের মাধ্যমে প্রায় ১৫০ বিঘা জমিতে বিভিন্ন জাতের ফসল ও শাক-সবজিতে সেচ প্রদান অব্যাহত আছে। ইআইআর প্রকল্পের আওতায় নীলফামারী সদর উপজেলায় ০২(দুই)টি এলএলপি স্থাপনের, ইআইই সিডি প্রকল্পের আওতায় ৬০০ মিটার সেচযন্ত্রের বারিড পাইপ লাইন সম্প্রসারণ কাজের এবং আর আই আই প্রকল্পের আওতায় ২০ টি পাম্পঘর পুনর্বাসনের লক্ষ্যমাত্রা রয়েছে। এছাড়াও কৃষকদের মাঝে ০.৫ মে.টন জিরাশাইল ও ব্রি-৮১, ব্রি-৮৪ জাতের ধান বীজ স্বল্প মূল্যে বিতরণ কাজ সম্পন্ন হয়েছে। | আসন্ন বোরো মৌসুমে সেচ প্রদানের লক্ষ্যে নলকূপগুলি সম্পূর্ণরুপে প্রস্তুত রাখতে হবে এবং কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী<br>বিএমডিএ<br>নীলফামারী। |
| <u>২১. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ):</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) জানান যে, নীলফামারী সদর ইউনিট অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী<br>বিএডিসি(ক্ষুদ্রসেচ)<br>নীলফামারী সদর। |
| <u>২২. নির্বাচন কমিশনঃ</u> উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | জনগণকে সকলসেবা নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার<br>নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২২. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৩. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, প্রকল্প কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী প্রাথমিক স্বাস্থ্য পরিক্ষা কর্মসূচির আওতায় তথ্যকেন্দ্রে আগত এবং ডোর টু ডোর সেবাগ্রহীতাগণকে সেবা প্রদান করা হচ্ছে। অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উঠান বৈঠকের কার্যক্রম চলমান রয়েছে। | নারীদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, ডোর টু ডোর সেবা প্রদান এবং উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের অর্থ হতে অনুমোদিত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নের ০৮(আট)টি কমিউনিটি ক্লিনিকে ০৮(আট)টি ডেলিভারীরুম নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান জাকাউল্লাহ্ এন্ড ব্রাদার্স লিমিটেড, মোল্লা টাওয়ার, থানা মোড়, জীবননগর, চুয়াডাঙ্গা কর্তৃক সর্বমোট=৪৯,৯২,৫৮২/-টাকার বিল দাখিল করেছেন। উক্ত বিল হতে ভ্যাট ৭.৫% হারে=৩,৭৪,৪৪৪/-টাকা এবং আয়কর ৩% হারে=১,৪৯,৭৭৮/-টাকা কর্তন করে নিট=৪৪,৬৮,৩৬০/-টাকার বিল বর্ণিত ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদান করতে হবে। প্রাপ্ত বিল ইউজিডিপি কার্যালয়ে প্রেরণের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। | ১। ২০২০-২০২১ অর্থ বছরের অর্থ হতে অনুমোদিত 'নীলফামারী সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ০৮(আট)টি কমিউনিটি ক্লিনিকে ০৮(আট)টি ডেলিভারীরুম নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় ব্যয় ভাউচার প্রকল্প কার্যায়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, নীলফামারী সদর, নীলফামারী। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, নভেম্বর, ২০২২খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২৬/২০২২-২৩ | ০১/১১/২০২২খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর অক্টোবর, ২০২২ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ২৭/২০২২-২৩ | ০১/১১/২০২২খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর অক্টোবর, ২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ২৮/২০২২-২৩ | ০১/১১/২০২২খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর অক্টোবর, ২০২২ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ২৯/২০২২-২৩ | ০১/১১/২০২২খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির অক্টোবর, ২০২২ মাসের মজুরি বিল। | ২৫,০০০.০০ |
| ৩০/২০২২-২৩ | ০১/১১/২০২২খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন নীলফামারী ইটাখোলা, চওড়াবড়গাছা, কচুকাটা, টুপামারী ও নীলফামারী পৌরসভায় বিভিন্ন সময়ে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ২৩টি পরিবারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৫৮,০০০.০০ |
| ৩১/২০২২-২৩ | ২০/১১/২০২২খ্রি. | ব্রাদার্স ফার্নিচার, নীলফামারীকে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের টেবিল ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষের ভিজিটর চেয়ার সরবরাহের বিল। | ৩,০০,০০০.০০ |
| ৩২/২০২২-২৩ | ২০/১১/২০২২খ্রি. | উপজেলা পরিষদের আবাসিক ভবন পদ্মার এর নীচতলা রংকরণ ব্যয় বিল। | ২৫,০০০.০০ |
| ৩৩/২০২২-২৩ | ২০/১১/২০২২খ্রি. | উপজেলা পরিষদের পুরাতন প্রশাসনিক ভবনে অবস্থিত মাধ্যমিক শিক্ষা ও সমাজসেবা অফিসের টয়লেট ও পানির লাইন মেরামত ব্যয় বিল। | ১৮,০০০.০০ |
| ৩৪/২০২২-২৩ | ২০/১১/২০২২খ্রি. | উপজেলা পরিষদের আবাসিক ভবন যমুনা এর ক ইউনিটের টয়লেট ও পানির লাইন মেরামত ব্যয় বিল। | ২৫,০০০.০০ |

আলোচ্যসূচি বিবিধ ০২। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন প্রসঙ্গে।

সভায় আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী ১৬ ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস। উক্ত দিবসটি জাতীয় এবং জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে যথাযথভাবে উদযাপন করা হবে। তিনি উক্ত দিবসে উপস্থিত থেকে সংশ্লিষ্ট সকলকে দিবসটি উদযাপন করার জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১২/২২
শাহিদ মাহমুদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ নীলফামারী সদর।

CS CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.৭৭(৫০)

তারিখঃ ২৯ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান, ...........................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

১৮/১২/২০২২

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০৫৫১-৬১৩৯৬
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

CamScanner